দৈনিক সংবাদ

তারিখ JUN. 12 1999
পৃঃ 12 কলাম 3

# দুই নেতার বদলির প্রতিবাদে

(নিজস্ব বার্তা পরিবেশক)

প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের দুজন নেতা দাবি আদায়ের জন্য আন্দোলন করে 'পুরস্কার' হিসেবে পেয়েছেন 'বদলি'। তারা হলেন প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের সভাপতি সাখাওয়াত হোসেন এবং সাধারণ সম্পাদক সুলতান মিয়া।

তাদের নেতৃত্বে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা ১২ দফা দাবি আদায়ের জন্য দীর্ঘদিন ধরে নিয়মতান্ত্রিকভাবে আন্দোলন করছেন। তাদের প্রধান দাবি স্বতন্ত্র প্রাথমিক শিক্ষা ক্যাডার সৃষ্টি এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদ থেকে কলেজ শিক্ষকদের প্রত্যাহার করা।

শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তারা (কলেজ শিক্ষক) অনেক চেষ্টা করেও আন্দোলন বন্ধ করতে না পেরে শেষমেষ দুনেতাকে বদলি করে দিয়েছেন ঢাকা থেকে অনেক দূরে। উদ্দেশ্য আন্দোলনকে নেতৃত্বহীন করা।

সাখাওয়াত হোসেন ছিলেন টাঙ্গাইল জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, তাকে বদলি করা হয়েছে নড়াইলে। সুলতান মিয়া ছিলেন নারায়ণগঞ্জের জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, তাকে বদলি করা হয়েছে লালমনিরহাটে।

এই হয়রানিমূলক বদলির প্রতিবাদে প্রাথমিক শিক্ষা কর্মকর্তারা ১৮ই জুন থেকে কালো ব্যাজ ধারণ, অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে অসহযোগিতা এবং ২২শে জুন অর্ধদিন কর্মবিরতির কর্মসূচি ঘোষণা করেছেন।